

১১নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা-জামালপুর সদর, জেলা-জামালপুর।

বিষয়: শাহবাজপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল/২০২১ মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি: মোঃ আবুব আলী খান
সভার স্থান: ইউনিয়ন পরিষদ কার্যালয়
সময়: বেলা. ১২ ঘটিকা

পদবী-ইউপি চেয়ারম্যান

তারিখ: ০৫-০৪-২০২১

(সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর সংযুক্ত)

সভাপতি উপস্থিত সদস্যদের স্বগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনকপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান সাহেব তার ইউনিয়ন পরিষদের সামগ্রিক কর্মকাণ্ডের বিবরণ দেন। তিনি আর ১১ নং শাহবাজপুর ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক। চোরচালার মানবিকার লংগন, জম্মী তৎপরতা সশ্রাসী কার্যক্রম দেখা দিলে তৎক্ষণাত আশ্রয় নেওয়ার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	সকল সেবা প্রদানকারী সংগঠন ও ইউনিয়নের জনগনকে আইন শৃংখলা বিষয়ে সজাগ থাকতে হবে।	ইউনিয়ন পরিষদ
০২.	শিক্ষা বিভাগ	শিক্ষা বিভাগ প্রতিনিধি বলেন যে, ইউনিয়নে শিক্ষার উন্নয়নে একটি দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি সৃষ্টি এবং উহা ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করার প্রয়োজন। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক। কাজেই সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য উদ্যোগ নিতে হবে।	শিক্ষা বিভাগ
০৩.	কৃষি বিভাগ	সভায় উপস্থিত উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ মুজিব মিয়া জানান বর্তমানে রশিদপুর ইউনিয়নে এ বিভাগে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তালিকভুক্ত চাষীদের মাঝে বিভিন্ন ধরনের সবজি বীজ সার বিতরণ কাজ চলমান আছে। সবজি বীজ সার যাতে কৃষকেরা পায় সে জন্য এ দিকে লক্ষ্য রাখা প্রয়োজন।	তালিকভুক্ত চাষীদের মাঝে বিভিন্ন ধরনের সবজি বীজ সার বিতরণ কাজ চলমান।	ইউনিয়ন পরিষদ ও কৃষি বিভাগ
০৪.	আনসার ও ভিডিপি	আনসার ভিডিপি দলনেতা জানান তার কাজ সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। উক্ত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	ইউপির সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।	আনসার ভিডিপি দলনেতা ও ইউপি
০৫.	সমাজসেবা অফিস	ইউনিয়ন সমাজকর্মী জানান যে, তার বিভাগে কাজ ঠিকমত চলছে। ইউনিয়নের বরাদ্দ অনুপাতে ভাতাভোগীদের কার্যক্রম চলমান আছে। এ ব্যাপারে সহযোগিতা কামনা করেন।	ইউনিয়নের বয়স্ক, বিধবা, পুণ্ডু ভাতা চলমান।	ইউপি ও সমাজ সেবা অফিস
০৬.	জনস্বাস্থ্য অফিস	উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, এলজিএসপি হতে নলকূপ ও ল্যান্ড্রিন প্রদান করা হয়ে থাকে। এ ব্যাপারে জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হলে দ্রুততা পরিহার করা যায়।	জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হবে।	জনস্বাস্থ্য অফিস ও ইউপি
০৭.	স্বাস্থ্য বিভাগ	সভায় উপস্থিত উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে, তার অফিসে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গর্ভবর্তী মহিলাদের ডেলিভারী করার জন্য কমিউনিটি ক্লিনিকে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা ও ইউপি
০৮.	বিআরডিবি অফিস	বিআরডিবি প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম ঠিকমত চলছে। গ্রাম কমিটির মাধ্যমে ইউনিয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে। ভবিষ্যৎ কার্যক্রম সঠিকভাবে চালানোর জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	বিআরডিবি অফিস ও ইউপি
০৯.	স্থায়ী কমিটি (শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা)	সভাপতি সাহেব বলেন, শিক্ষার মান উন্নয়নে জনগনকে সচেতন করতে হবে। ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব কমিউনিটি ক্লিনিকে উপস্থিত হয়ে জনগনকে সেবা গ্রহণ করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	এ ব্যাপারে ইউনিয়নের জনগনকে শিক্ষার মান উন্নয়নে এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম জোরদার করতে হবে।	ইউপি স্থায়ী কমিটি, কমিউনিটি ক্লিনিক কর্তৃপক্ষ।
১০.	নিকাহ রেজিস্টার	সভায় উপস্থিত নিকাহ রেজিস্টার জনাব কাজী মোঃ মুজিব হোসেন জানান যে, এ ইউনিয়নের তার কার্যক্রম ঠিকমত চলছে। বাধ্য বিবাহ বন্ধ রয়েছে। সভাপতি সাহেব জন্ম নিবন্ধন সার্টিফিকেট এবং উপযুক্ত প্রমাণ সাপেক্ষে বিবাহ রেজিস্টারী করার জন্য বলেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি ও অন্যান্য দপ্তরের বিভাগীয় প্রতিনিধি গন সহযোগিতা করবে।	সংশ্লিষ্ট কাজী ও ইউপি
১১.	তথ্য ও সেবা কেন্দ্র	সভায় উপস্থিত তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা মোঃ ছানোয়ার বলেন যে, তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চলছে। জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন করার জন্য জনগনকে সচেতন করতে হবে। তিনি সেবা প্রদান কার্যক্রম আরোও উন্নয়নের জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে।	উদ্যোক্তা ও ইউপি

১২.	বিবিধ	বিবিধ আলোচনায় সভাপতি সাহেব বলেন,নারী ওরিশি শু নির্যাতন,বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ,নারী নির্যাতন বন্ধের জন্য সামাজিক প্রতিরোধ তৈরীর জন্য স্কুল,কলেজ,মজুব ও মাদ্রাসা শিক্ষক এবং মসজিদের ইমাম,মন্দিরের পুরহিত এবং অন্যান্য ধর্মীয় নেতাদের মাধ্যমে প্রচারনা চালানোর ব্যবস্থা গ্রহনের জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন ।	উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে ।	কৃত্রিম প্রজনন বিভাগ ও ইউপি
-----	-------	---	---	-----------------------------

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন ।

১১/০৪/২০২১
 মোঃ আয়ুব আলী খান
 চেয়ারম্যান/সভাপতি
 ১১নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ
 জামালপুর সদর, জামালপুর।